



চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

E-mail: chapaipbs@gmail.com

web : pbs.chapainawabganj.gov.bd



স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০০৮.২৫.

২০২৭

তারিখ:-

০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
১৭ মে, ২০২৫ খ্রি:

“নিলাম বিজ্ঞপ্তি”


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শিবগঞ্জ জোনাল অফিস স্টোরে রক্ষিত “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ” “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	কাঠের পরিমাণ	একক মূল্য (প্রতি কেজি)	মোট মূল্য
০১	ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ (লাকড়ী)	৫,০০০ কেজি (কম/বেশি হতে পারে)		
			মোট =	

কথায়ঃ


শর্তাবলিঃ-

- ০১। সিলমোহরকৃত কোটেশন আগামী ২৬/০৫/২০২৫খ্রিঃ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ-এ রক্ষিত টেন্ডার বক্সে রাখা হবে। কোটেশনের খামে “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ” লিখতে হবে। নিলাম ২৬/০৫/২০২৫খ্রিঃ বেলা ১১:০৫ ঘটিকার আগে খোলা হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ০২। নিলাম দরপত্রের খামের উপর অবশ্যই “ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ” নিলাম কথাটি লিখতে হবে। নিলামযোগ্য ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠের বিপরীতে সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। নিলাম দরপত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৩। নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইট pbs.chapainawabganj.gov.bd এ দেখা যাবে।
- ০৪। দরপত্রের সাথে আর্নেস্টম্যানি হিসেবে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% অর্থ (দরপত্র গৃহীত না হলে ফেরতযোগ্য) “জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে পে-অর্ডার আকারে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫। আগ্রহী দরদাতাগণ দরপত্র রাখার পূর্বে সরকারি ছুটির দিন ব্যতীত যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে সমিতির শিবগঞ্জ জোনাল অফিসে এসে নিলামযোগ্য মালামালসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ০৬। দরপত্রে উদ্ধৃত দর স্পষ্টাক্ষরে (অঙ্কে ও কথায়) লিখতে হবে, কাটাকাটি/ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। একক দর ও মোট মূল্যের হিসাবের গড়মিল হলে “একক দর” কে Standard ধরে নিলাম দরপত্র বিবেচনা করা হবে।
- ০৭। সর্বোচ্চ দরদাতাকে নিলামকৃত মালামালসমূহ গ্রহণের বিক্রয়াদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে নিয়মানুযায়ী উদ্ধৃত মোট মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% উৎস কর পবিস এর ক্যাশ শাখায় নগদ জমা অথবা যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে সমিতিতে জমা প্রদান করে নিজ দায়িত্বে ও নিজ খরচে উক্ত ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ ওজন করে গ্রহণ করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সাথে দেয় অর্থ (আর্নেস্টম্যানি) বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে।
- ০৮। মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে পরিমাপ করে নিতে হবে। কোন বাছাই করা যাবে না বা কিছু ফেলে রাখা যাবে না। ব্যবহার অযোগ্য প্যাকিং কাঠ একবারে গ্রহণ করতে হবে। ধাপে ধাপে গ্রহণ করা হবে না।
- ০৯। মালামাল কম/বেশি হতে পারে। উপর্যুক্ত পরিমাণের তুলনায় বেশি হলে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থ জমা প্রদানপূর্বক মালামাল গ্রহণ করতে হবে এবং পরিমাণ কম হলে অতিরিক্ত জমাকৃত অর্থ আবেদনের প্রেক্ষিতে ফেরত প্রদান করা হবে।
- ১০। শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কিংবা দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(হাওলাদার-মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-সদয় অবগতির জন্য-জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৫। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, (এস ও ডি), বাপবিবোর্ড, রাজশাহী।
- ১০। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/শিবগঞ্জ/নাটোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১১। সহকারী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।
- ১২। এজিএম (ওএন্ডএম), সাহাপাড়া/মহারাজপুর সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৩। এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম-সদর/ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৪। এজিএম (আইটি), চাঁপাইনবাবগঞ্জ পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ১৫। মেসার্স -----।
- ১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
- ১৭। অফিস কপি/মাস্টার কপি।



(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

